

# গণপিটুনিতে সাবেক ছাত্রলীগ নেতা নিহত

রাজশাহী বুরো

০৮ সেপ্টেম্বর ২০২৪, ০৯:০৬ এএম



সাবেক ছাত্রলীগ নেতা আব্দুল্লাহ আল মাসুদ। ছবি: সংগৃহীত

রাজশাহীতে গণপিটুনিতে আব্দুল্লাহ আল মাসুদ নামে এক সাবেক ছাত্রলীগ নেতা নিহত হয়েছেন। গণপিটুনির পর গুরুতর আহত অবস্থায় তাকে হাসপাতালে ভর্তি করা হলে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান।

সাবেক এই ছাত্রলীগ নেতা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারের কর্মচারী ছিলেন। গতকাল শনিবার রাতে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে তার মৃত্যু হয়।

জানা গেছে, ছাত্রলীগের সাবেক এই নেতাকে রাজশাহীর দিনাজপুর এলাকা থেকে খুঁজে বের করে ছাত্ররা। পরে সেখানই গণপিটুনি দিয়ে প্রথমে মতিহার থানা পুলিশের কাছে দেয়। সেখান থেকে তাকে বোয়ালিয়া থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়। রাজশাহী বোয়ালিয়া থানার ওসি মাসুদ পারভেজ বিষয়টি নিশ্চিত করেছেন।

নিহত আব্দুল আল মাসুদ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে মেডিকেল সেন্টারে স্টোর অফিসার পদে কর্মরত ছিলেন। তার গ্রামের বাড়ি চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলায়। তার বাবার নাম রফিকুল ইসলাম।

নিহত মাসুদ গত ৩ সেপ্টেম্বর একটি কন্যা সন্তানের বাবা হয়েছেন। চাকরির সুবাদে স্বপরিবার তিনি বিনোদপুরে থাকতেন।

প্রত্যক্ষদর্শীরা জানান, মাসুদ শনিবার রাত ১০টার দিকে বাড়ি থেকে রাজশাহী বিনোদপুর বাজারে ওষুধ কেনার জন্য গেলে গণপিটুনির শিকার হন।

পরে আহত অবস্থায় তাকে উদ্ধার করে প্রথমে শিক্ষার্থীদের একটি দল মতিহার থানায় নিয়ে যায়। পরবর্তীতে তাকে সেখান থেকে নেওয়া হয় বোয়ালিয়া থানায়। এরপর শিক্ষার্থীদের একটি প্রতিনিধি দল মাসুদের চিকিৎসার জন্য রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করেন। পরবর্তীতে রাত সাড়ে বারোটার দিকে ৩১ নম্বর ওয়ার্ডে চিকিৎসাধীন অবস্থায় মাসুদের মৃত্যু হয়।

এ বিষয়ে বোয়ালিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাসুদ পারভেজ বলেন, ‘নিহতের মরদেহ হাসপাতালের মর্গে রাখা হয়েছে। আইনি প্রক্রিয়া শেষে তার পরিবারের কাছে মরদেহ হস্তান্তর করা হবে।’